ভোরের কাগজ

তারিখ ... AUG. 2 . 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...

ইসলামী বিশ্ববিদ্যালয়ে উত্তেজনা

# ছাত্রদলের দেড়শ কর্মীকে বের করে দিয়ে হল দখল করেছে শিবির

কুষ্টিয়া প্রতিনিধি : ইসলামী বিশ্ববিদ্যালয়ে ইসলামী ছাত্রশিবির কর্মীরা ছাত্রদলের দেড় শতাধিক নেত্যকর্মীকে হল থেকে বের করে জিয়াউর রহমান হল তাদের পূর্ণ দখলে নিয়েছে। এ নিয়ে ক্যাম্পাসে চরম উত্তেজনা বিরাজ করছে।

জানা যায়, বৃহস্পতিবার রাতে ইসলামী ছাত্রশিবির নেতাকর্মীরা জিয়াউর রহমান হলের ৩০২ নম্বর কক্ষ থেকে ইবি ছাত্রদল সভাপতি সাইফুল ইসলামকে বের করে দেয় এবং পর্যায়ক্রমে অন্যান্য কক্ষ থেকে ছাত্রদলের দেড় শতাধিক নেতাকর্মীকে বের করে দিয়ে হল দখল করে। ১২টার দিকে ছাত্রদল নেতাকর্মীরা ক্যাম্পাস ছেড়ে যেতে বাধ্য হয়। এখন শিবির সেখানে মহড়া দিচ্ছে। গতকাল শুক্রবার বেলা ১০টার দিকে ইবি কর্তৃপক্ষ ৩০২ নং কক্ষটি সিলগালা করে দিয়েছে। ছাত্রদল বলেছে, শনিবার সকাল ৮টার মধ্যে তাদের হলে তুলে দিতে কর্তৃপক্ষ ব্যর্থ হলে তারা নিজেরাই যেকোনোভাবে হলে ফিরে যাওয়ার চেষ্টা করবে। এ নিয়ে ক্যাম্পাসে চরম উত্তেজনা বিরাজ করছে।